

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা।

গত ২৮/০৯/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী


গত ২৮/০৯/২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১০:৩০ ঘটিকায় ইনোভেশন অফিসার ড. নাসরিন সুলতানা এর সভাপতিত্বে অনলাইনে ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা নিম্নরূপ।

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১।	ড. মোঃ আবদুল জলিল, মেন্টর, ইনোভেশন টিম	পিএসও ও বিভাগীয় প্রধান	স্বাক্ষরিত
০২।	জনাব মোঃ লুৎফুল হক, ইনোভেশন সদস্য	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০৩।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৪।	ড. মোঃ ছাদেক আহমেদ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৫।	ড. মুহাম্মদ আব্দুস সামাদ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৬।	ডা. এ.এস.এম. আসহাব উদ্দীন, ইনোভেশন সদস্য	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত

সভাপতি, সভায় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ৩১/০৮/২০১৭ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ও সুপারিশ সমূহ নিয়ে আলোচনা হয় এবং নিম্নোক্ত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

আলোচনা/সিদ্ধান্ত/সুপারিশঃ

- ১। সভার শুরুতে ইনোভেশন অফিসার জানান যে, অত্র ইনস্টিটিউটের ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট কমিটির সভায় গবেষণা খাত থেকে ইনোভেশনের কার্যক্রম পরিকল্পনা বাস্তবায়নের জন্য ১০,০০০০ (দশ লক্ষ) টাকা বাজেট বরাদ্দ দেয়া হয়েছে যা ইনোভেশন টিমের ২০১৭-১৮ অর্থ বছরে কর্ম-পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের জন্য পর্যাপ্ত নয়। গরু হুস্টপুস্পকরণ বিষয়ক এনিমেটেড ভিডিও ক্লিপ তৈরীর জন্য ইনোভেশন কমিটি ৩১/০৮/২০১৭ খ্রিঃ তারিখের সভায় ২৫,০০০০ (পচিশ লক্ষ) টাকা প্রাক্কলন করা হয়েছিল। চলতি অর্থ বছরে প্রদত্ত বাজেটে উল্লেখিত কার্যক্রমটি সম্পন্ন করা সম্ভব নয় মর্মে সকলে একমত পোষন করেন এবং সভার সকল সদস্যগণের মতামতের আলোকে এই অর্থ বছরে উল্লেখিত ভিডিও ক্লিপটির পান্ডুলিপি তৈরী ও অন্যান্য কারিগরি বিষয়াদি চূড়ান্ত করণের সিদ্ধান্ত হয় এবং পরবর্তী অর্থ বছরে কার্যক্রমটি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
 - ২। গত ৩১/০৮/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক ইনোভেশন সভায় কার্যবিবরণীতে উল্লেখিত ৪নং সিদ্ধান্তের কোন অগ্রগতি না হওয়ায় সভাপতি দুঃখ প্রকাশ করেন। Pilot project on digital Access Control, উদ্ভাবনী উদ্যোগে ও প্রধান ফটকে তথ্য সেন্টার স্থাপন বিষয়ে ইনোভেশন টিম মহাপরিচালক মহাদয়ের সাথে এক সপ্তাহের মধ্যে আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশাসনিক ভবনের টয়লেটসমূহ সংস্কার বিষয়ে ১৫/১০/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে মহাপরিচালক মহাদয়কে একটি পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
 - ৩। ইনোভেশন টিমের সকল সভার কার্যবিবরণী সকল বিভাগীয় প্রধানগণের নিকট বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
 - ৪। গরু হুস্টপুস্পকরণের এনিমেটেড ভিডিও ক্লিপ তৈরীর নিমিত্ত পান্ডুলিপি তৈরীর জন্য ইনোভেশন টিম সংশ্লিষ্ট বিশেষজ্ঞের সাথে আলোচনা করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
- আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. নাসরিন সুলতানা
ইনোভেশন অফিসার
ইনোভেশন টিম